



বাংলাদেশ নির্বাচন কমিশন  
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
পটুয়াখালী সদর, পটুয়াখালী।

[www.ec.sadar.patuakhali.gov.bd](http://www.ec.sadar.patuakhali.gov.bd)  
E-mail: ueopatuakhalisadar@gmail.com

## নতুন ভোটার নিবন্ধনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র

- + ফরম-২ অফিস থেকে সংগ্রহ করতে হবে অথবা [services.nidw.gov.bd](http://services.nidw.gov.bd) ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে পূরণ করতে হবে।
- + অনলাইন জন্ম নিবন্ধন সনদ।
- + পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (পিতা বা মাতা মৃত হলে মৃত্যু সনদ)।
- + বিবাহিত হলে স্বামী বা স্ত্রীর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে নিকাহ নামার ফটোকপি)।
- + শিক্ষাগত যোগ্যতা প্রমানের সনদ।
- + নাগরিক সনদ।
- + বিদ্যুৎ বিল (বিদ্যুৎ বিলে থাকা গ্রাহকের নামের সাথে ভোটারের সম্পর্ক স্থাপনের জন্য বিদ্যুৎ গ্রাহকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি)।
- + আবেদনকারী ভাড়াটিয়া হলে ঘর মালিকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ঘর মালিকের অনাপত্তি পত্র স্থানীয় জনপ্রতিনিধি বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দ্বারা প্রতি স্বাক্ষরিত।
- + ভোটার নিবন্ধন ফরম-২ এর ৩৪ নং কলামে আবেদনকারীর পিতা/মাতা/স্বামী/স্ত্রীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ৩৫ নং কলামে স্বাক্ষর।
- + ভোটার নিবন্ধন ফরম-২ এর ৪০ নং কলামে নিবন্ধন এলাকার নির্বাচিত জনপ্রতিনিধি বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, ৪১ নং কলামে জাতীয় পরিচয়পত্র নম্বর এবং ৪২ নং কলামে সীল সহ স্বাক্ষর।

নতুন ভোটার নিবন্ধন কার্যক্রমে কোন প্রকার ফি প্রদান করতে হয় না।

বহিরাগত বা দালালদের কাছে না গিয়ে নিবন্ধন প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানতে উপজেলা নির্বাচন অফিস, পটুয়াখালী সদর এর নাগরিক সেবা কর্ণারে যোগাযোগ করুন।

{বিঃ দ্রঃ সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন অফিসে নতুন ভোটার নিবন্ধন কার্যক্রম চলমান থাকে।}